# রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
শঠিবাড়ী,রংপুর

স্মারক নং-২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২৫.২৭৩১

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

## দরপত্র ও পুনঃনিলাম দরপত্র বিজ্ঞপ্তি

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর পবিস নিম্নবর্ণিত মালামালসমূহ ক্রয়/বিক্রয়ের জন্য নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে বাংলাদেশের আগ্রহী ব্যক্তি/দরদাতা প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | প্যাকেজ/লট নং | মালামালের বিবরণ | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানত (টাকা) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণের সময়সূচী ও স্থান | দরপত্র খোলার সময়সূচী ও স্থান |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | RPBS-1- G -24-25-56-03 | কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ | ১৫০০.০০ | ২,৪০,০০০.০০ | ২৮/০৫/২০২৫ খ্রিঃ তারিখ হতে ১৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত | ১৭/০৬/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকা পর্যন্ত | ১৭/০৬/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১.৩৫ ঘটিকা |
| ০২ | নিলাম-২০২০/২১,২০২১/২২ | কাঠের পোল/পোলের খন্ডাংশ,কাঠের ক্রসআর্ম,কাঠের এ্যাংকর লগ | ১০০০.০০ | উদ্ধৃত দরের ২৫% | | ক্রমিক নং ০১ এর ক্ষেত্রে **শুধুমাত্র** পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এবং ক্রঃ নং- ০২ এর ক্ষেত্রে পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও রংপুর পবিস-১, সদর দপ্তর | |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাগণ যে কোন তফসিলী ব্যাংক হতে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, শঠিবাড়ী, রংপুর এর অনুকূলে নির্ধারিত পরিমান অর্থ (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তকরতঃ নির্দিষ্ট লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর ভবন (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং রংপুর পবিস-১ এর সদর দপ্তর হতে দরপত্র দলিল **আগামী ১৬/০৬/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার** পর্যন্ত সংগ্রহ করতে পারবেন এবং আগামী **১৭/০৬/২০২৫ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার** বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে ক্রমিক নং- ০১ এর ক্ষেত্রে শুধুমাত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর ভবন (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং ক্রমিক নং- ০২ এর ক্ষেত্রে পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও রংপুর পবিস-১, সদর দপ্তর এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পরে এবং ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০২। দাখিলতব্য দরপত্রসমূহ আগামী **১৭/০৬/২০২৫** খ্রিঃ রোজ **মঙ্গলবার** বেলা ১১:৩৫ ঘটিকার সময় নির্ধারিত স্থানে উপস্থিত দরদাতা/মনোনীত প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। প্রতিটি দরপত্রের সাথে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে নির্ধারিত দরপত্র জামানত (ফেরত যোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ ব্যাংক গ্যারান্টি হিসাবে সংযুক্ত করতে হবে। দরপত্র জামানত ব্যতিত দরপত্র বাতিল বলে গন্য হবে।

০৪। উদ্ধৃত দরপত্রে কোনরুপ কাটাকাটি/ঘষামাজা/ফ্লুইডিং গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। ক্রমিক নং ০১ এর ক্ষেত্রে দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে সমিতির নাম ও **" মালামালের সরবরাহের দরপত্র"** কথাটি এবং ক্রমিক নং- ০২ এর ক্ষেত্রে **"নিলামে মালামাল গ্রহণের দরপত্র"** লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, আয়কর ও ব্যাংক সলভেন্সী সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বিবেচনা করা হবে না।

০৬। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করে ১ম সর্বোচ্চ নিলাম দরদাতার আর্নেস্টমানি নগদায়ন করা হবে। অতপরঃ ১ম সর্বোচ্চ নিলাম দরদাতাকে নিলামে বিক্রয়যোগ্য মালামালের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য সহ উদ্ধৃত মোট নিলাম মূল্যের উপর সর্বশেষ সরকার নির্ধারিত ভ্যাট (১৫%) ও উৎসে কর (১০%) বাবদ অবশিষ্ট অর্থ নগদ অথবা রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে ইস্যুকৃত MICR ব্যাংক ড্রাফট / পে অর্ডার আকারে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ক্যাশ শাখায় ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমা দিয়ে মালামাল উত্তোলন করতে হবে। মোট নিলাম মূল্যসহ ভ্যাট ও উৎস কর বাবদ নির্ধারিত অর্থ রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে পরিশোধের বিষয়টি নিশ্চিত হওয়া সাপেক্ষে কার্যাদেশে বর্ণিত সময় সীমার মধ্যেই নিলামে বিক্রয়কৃত সমুদয় মালামাল রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর হতে গ্রহণ করতে হবে। ভ্যাট ও ট্যাক্স এর হার পরিবর্তন হলে সেটি প্রযোজ্য হবে (ক্রমিক নং- ০২ এর ক্ষেত্রে)।

০৭। সরবরাহকারীকে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক সরাসরি মালামালের মূল্য একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে সরকারী বিধি মোতাবেক কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে আয়কর ও ভ্যাট কর্তন করা হবে (ক্রমিক নং- ০১ এর ক্ষেত্রে)।

০৮। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে নিম্নঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

০৯। রংপুর পবিস-১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৭.৫.২৫
(মুহাম্মদ আশরাফ উদ্দিন খান)
জেনারেল ম্যানেজার (চঃদা)

**অনুলিপিঃ (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:।**

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বর্ণিত তারিখ ও সময়ে কোটেশন গ্রহণ ও খোলার অনুরোধসহ) ।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , রংপুর জোন, বাপবিবো, রংপুর। (সদয় অবগতির জন্য)
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৪। জেলা প্রশাসক, রংপুর/ গাইবান্ধা।
০৫। পুলিশ সুপার, রংপুর/ গাইবান্ধা।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------------------------------------পবিস-১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী(এসওডি) বাপবিবো/ এলজিইডি/সওজ/গণপূর্ত, রংপুর।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, রংপুর সদর ও মিঠাপুকুর উপজেলা, রংপুর।
০৯। ডিজিএম, সদর-কারিগরী /সুন্দরগঞ্জ/পীরগাছা/পীরগঞ্জ/সাদুল্লাপুর জোনাল অফিস,রপবিস-১ পবিস।
১০। এজিএম (ওএন্ডএম),ভেন্ডাবাড়ী/বৈরাতীহাট/বলদীপুকুর/মজুমদারহাট সাব-জোনাল অফিস, রংপুর পবিস-১।
১১। এজিএম (প্রশাসন/এইচআর/অর্থ/ইএন্ডসি/এমএস/ওএন্ডএম/আইটি ১/২),রংপুর পবিস-১।
১২। এজিএম (আইটি),রংপুর পবিস-১।(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১৩। মেসার্স ------------------------------------------------------------------------------।
১৪। নোটিশ বোর্ড, রংপুর পবিস-১।
১৫। অফিস কপি/মাস্টার কপি।

২৭.৫.২৫
(মুহাম্মদ আশরাফ উদ্দিন খান)
জেনারেল ম্যানেজার (চঃদা)